

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.০২৫/০০৩.১৫.৩৮১


তারিখ : ১০ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
২৪ মে ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর প্রসঙ্গে।

সূত্রঃ নং ৩৩৩(আই)/২০১৮-এজি, তারিখঃ ১৭/০৫/২০১৮ খ্রিঃ, অ্যাটর্নি জেনারেল অফিস।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সরকার সহকারী অ্যাটর্নি জেনারেল জনাব স্বরূপ কান্তি দেব এর অনুকূলে আত্মীয় স্বজনের সাথে সাক্ষাতের প্রয়োজনে আগামী ০২/০৬/২০১৮ খ্রিঃ হতে ১১/০৬/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা যাত্রার তারিখ হতে ১০ (দশ) দিনের জন্য স্ত্রী লক্ষ্মী রানী দাস এবং পুত্র সৌমিল দেব উৎস সহ ভারত গমন ও তথায় অবস্থানের জন্য উক্ত ১০ (দশ) দিনের বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করেছে।

- ২। তাঁর প্রার্থিত বিদেশ ভ্রমণের যাবতীয় ব্যয় স্বয়ং বহন করবেন। এতে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ নাই।
- ৩। প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০৮/০৩/১৪ খ্রিঃ তারিখের পত্রের মর্মানুযায়ী অ্যাটর্নি জেনারেল ও আইন কর্মকর্তাগণ সরকারি বা ব্যক্তিগতভাবে বিদেশ বা দেশের অভ্যন্তরে গমনের সময় রিটেইনার ফিসহ অন্যান্য ভাতাদি প্রাপ্ত হবেন।
- ৪। সংশ্লিষ্ট আইন কর্মকর্তার উক্ত বিদেশ ভ্রমণ শেষে কর্মস্থলে যোগদানের বিষয়ে অত্র বিভাগকে অবহিত করার অনুরোধ করা হলো।


(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৪৫৪৩১।

বিতরণঃ সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় (নোট ভারবালের অনুরোধসহ)।
- ২। সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। জনাব স্বরূপ কান্তি দেব, সহকারী অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেল কার্যালয়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৬। পরিচালক, হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৭। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৮। ইমিগ্রেশন অফিসার, স্থল বন্দর (সকল)।
- ৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ১০। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অ্যাটর্নি জেনারেল এর একান্ত সচিব, অ্যাটর্নি জেনারেল কার্যালয়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
- ১২। প্রশাসনিক কর্মকর্তা, অ্যাটর্নি জেনারেল কার্যালয়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
- ১৩। গার্ড ফাইল।
- ১৪। অফিস কপি।